

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই, ১৩/বি, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭



মুজিববর্ষের অঙ্গীকার
বৈদেশিক অনুদানের যথাযথ ব্যবহার

স্মারক নং-০৩.০৭.২৬৬৬.৬৬২.৬৮.১৯০.২০২২-৭৭৭

তারিখঃ ২২/০২/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ “সিবিএম গ্লোবাল ডিজিটালিটি ইনক্লুশন” নামীয় সংস্থার “সিবিএম গ্লোবাল ডিজিটালিটি ইনক্লুশন, বাংলাদেশ কান্ট্রি অফিস-২০২৩” শীর্ষক প্রকল্প অনুমোদনসহ ৫০% অর্থছাড়।

সূত্রঃ সংস্থার ০১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে তাঁর সংস্থা কর্তৃক দাখিলকৃত প্রকল্পটি জানুয়ারি/২৩-ডিসেম্বর/২৩ খ্রিঃ মেয়াদে মোট ৭,৮৩,১৫,০০৮/- (সাত কোটি তিরিশ লক্ষ পনের হাজার আট) টাকা (বৈদেশিক অনুদান ৭,৮২,১৫,০০৮/- টাকা ও স্থানীয় অনুদান ১,০০,০০০/- টাকা) ব্যয়ে নিম্নোক্ত শর্তে অনুমোদনসহ প্রকল্পের বৈদেশিক বরাদ্দকৃত ৭,৮৩,১৫,০০৮/- টাকার ৫০% অর্থ ৩,৯১,৫৭,৫০৪/- (তিন কোটি একানব্বই লক্ষ সাতান্ন হাজার পঁচাত্তর চার) টাকা দাতা সংস্থা “CBM, Australia” এর নিকট হতে কমার্শিয়াল ব্যাংক অব সিলন, বাংলাদেশ, কর্পোরেট ব্রাঞ্চ, হাদি ম্যানশন, ২ নং দিলকুশা বা/এ, ঢাকা, হিসাব নম্বর-২৮০-২০১-৩৯৬৮ (মাদার একাউন্ট)-এর মাধ্যমে গ্রহণ ও ব্যয়ের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো।

শর্তসমূহঃ

- (ক) সংশ্লিষ্ট জেলা প্রশাসককে প্রকল্প কার্যক্রম সম্পর্কে অবহিত রাখতে হবে। এ লক্ষ্যে এফডি-৬ এর অনুলিপি সংস্থা কর্তৃক সংশ্লিষ্ট জেলা প্রশাসককে সরবরাহ করতে হবে।
- (খ) প্রকল্প বাস্তবায়নের ত্রৈমাসিক প্রতিবেদন এনজিও বিষয়ক ব্যুরোতে দাখিল করতে হবে।
- (গ) প্রকল্প কার্যক্রমের অডিট রিপোর্ট প্রকল্প বর্ষ সমাপ্তির ০২(দুই) মাসের মধ্যে এনজিও বিষয়ক ও বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যান বিভাগে দাখিল করতে হবে।
- (ঘ) প্রকল্প বর্ষ সমাপ্তির ২ (দুই) মাসের মধ্যে পরিপত্রের ৫(১৪) নং অনুচ্ছেদের আলোকে নির্ধারিত ফরম-৫ অনুযায়ী প্রকল্পের বাস্তব অগ্রগতির বার্ষিক প্রতিবেদন এনজিও বিষয়ক ব্যুরোতে দাখিল করতে হবে।
- (ঙ) জাতীয় রাজস্ব বোর্ডের সার্কুলারের ভাষ্য মোতাবেক আয়কর/ভ্যাট ইত্যাদি যথারীতি কর্তন করতে হবে।
- (চ) পূর্বের সমাপ্ত প্রকল্পের অডিট রিপোর্ট ব্যুরোতে দাখিল এবং অডিট রিপোর্ট গৃহীত হওয়ার পর অবশিষ্ট ৫০% অর্থছাড়ের বিষয় বিবেচনা করা হবে।
- (ছ) প্রকল্পের কার্যক্রমে অর্ন্তভুক্ত সকল ওয়ার্কসপ, ট্রেনিং, ক্যাম্পেইন কার্যক্রমে আবশ্যিকভাবে এনজিও বিষয়ক ব্যুরোকে অর্ন্তভুক্ত রাখতে হবে।
- (জ) প্রকল্পের বিস্তারিত বাজেট সংস্থার সিজম ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
- (ঝ) সংস্থার পূর্বের ফেইজ আউট যে সকল প্রকল্পের অডিট রিপোর্ট ব্যুরোতে দাখিল করা হয়নি তা দাখিল এবং সকল অডিট রিপোর্ট গৃহীত হওয়ার পর অবশিষ্ট অর্থছাড়ের বিষয় বিবেচনা।

সিরাজুল ইসলাম খান
এসাইনমেন্ট অফিসার
(সিনিয়র সহকারী সচিব)
ফোনঃ ৫৫০০৭৩৯৪

email: ao5@ngoab.gov.bd

২২/০২/২০২৩

তারিখঃ ২২/০২/২০২৩ খ্রিঃ

কান্ট্রি ডিরেক্টর

সিবিএম গ্লোবাল ডিজিটালিটি ইনক্লুশন
বাড়ি-৫৯, এপার্টমেন্ট-এ/১, রোড-১, ব্লক-আই, বনানী, ঢাকা।
স্মারক নং-০৩.০৭.২৬৬৬.৬৬২.৬৮.১৯০.২০২২-

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, ঢাকা।
- ০৩। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ০৪। উপ-পরিচালক (পওনি), এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৫। প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো (সংশ্লিষ্ট সকলকে ইমেইলে প্রেরণের অনুরোধ করা হলো)।
- ০৬। ম্যানেজার, কমার্শিয়াল ব্যাংক অব সিলন, বাংলাদেশ, কর্পোরেট ব্রাঞ্চ, হাদি ম্যানশন, ২ নং দিলকুশা বা/এ, ঢাকা [তাকে ছাড়কৃত ৩,৯১,৫৭,৫০৪ (তিন কোটি একানব্বই লক্ষ সাতান্ন হাজার পঁচাত্তর চার) টাকার অতিরিক্ত টাকা সংস্থার অনুকূলে প্রদান না করার জন্য অনুরোধ করা হলো]।
- ০৭। অফিস কপি।

সিরাজুল ইসলাম খান
এসাইনমেন্ট অফিসার